তারিখ ............
পৃষ্ঠা ...... কলাম ......

# লাগাতার ধর্মঘটের হুমকি : রাবি খোলা নিয়ে অনিশ্চয়তা

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

গতকাল বৃহস্পতিবার তৃতীয় দিনের মতো রাজশাহী বিশ্ববিদ্যালয় অচল ছিল।

উপাচার্য অধ্যাপক সাইদুর রহমান খান সাংবাদিকদের বলেছেন, যে কোন উপায়ে শনিবার থেকে বিশ্ববিদ্যালয় চালু করা হবে। এদিকে ইসলামী ছাত্রশিবির ও ছাত্রদলের নেতৃত্বাধীন 'সর্বদলীয় ছাত্রঐক্য' ঘোষণা দিয়েছে আজ শুক্রবারের মধ্যে তাদের দাবি-দাওয়া বাস্তবায়িত না হলে শনিবার থেকে বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট ডাকা হবে। তাদের কথিত দাবির মধ্যে রয়েছে বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের নিরাপত্তা, ক্ষতিগ্রস্ত ছাত্র ও গ্রামবাসীকে ক্ষতিপূরণ দান এবং ছাত্রশিবিরের নেতা-কর্মীদের নামে দায়ের করা মামলা প্রত্যাহার।

ঢাকায় চারদিন অবস্থান শেষে উপাচার্য অধ্যাপক সাইদুর রহমান খান বুধবার সন্ধ্যায় ক্যাম্পাসে ফিরেছেন। গতকাল বৃহস্পতিবার সকালে উপাচার্য ভবন লাউঞ্জে এক প্রেস ব্রিফিংয়ে বলেছেন, সন্ত্রাসীদের সঙ্গে আর কোন আপোস নয়। শনিবার থেকে যে কোন উপায়ে ক্যাম্পাস চালু করা হবে। উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত রোববার তার সঙ্গে সাক্ষাৎ করতে যাওয়া উপাচার্যকে ১৬ ফেব্রুয়ারির সন্ত্রাসী তাণ্ডব ও ধংসযজ্ঞের সঙ্গে জড়িত সন্ত্রাসীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন। প্রেস ব্রিফিংয়ে উপাচার্য ছাত্রশিবির ও ছাত্রদলের চলমান আন্দোলন কর্মসূচিকে (ধর্মঘট) অযৌক্তিক বলে আখ্যায়িত করেন। এক প্রশ্নের উত্তরে তিনি জানান, বিভিন্ন সন্ত্রাসী ঘটনার পরিপ্রেক্ষিতে তদন্তে যথার্থ সাক্ষ্যপ্রমাণ পাওয়া যায় না। ফলে প্রকৃত সন্ত্রাসী ও অপরাধীরা পার পেয়ে যায়। ১৬ ফেব্রুয়ারির ঘটনার প্রসঙ্গ টেনে তিনি বলেন, এর জন্য দায়ীরাই উল্টো তদন্ত কমিটির কাছে সাধারণ ছাত্র ও গ্রামবাসীর বিরুদ্ধে বিভিন্ন সাক্ষ্যপ্রমাণ দিচ্ছে। তিনি জানান, সাম্প্রতিক ঘটনায় ক্ষতিগ্রস্ত বিশ্ববিদ্যালয় স্টেশন বাজারের ১৪৮ জন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মোট ২৪ লাখ টাকা দিয়েছে। অন্যদের ক্ষতিপূরণ দেয়ার জন্য সরকার ও বেসরকারি পর্যায়ে যোগাযোগ চলছে।

## হরতাল প্রতিহতের ঘোষণা

এদিকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ (বা-অ) বৃহস্পতিবার ক্যাম্পাসে এক সমাবেশে ঘোষণা করেছে, তারা শনিবার থেকে যে কোন উপায়ে বিশ্ববিদ্যালয় চালু রাখবে। ছাত্রশিবির বা অন্য কেউ ধর্মঘটসহ অন্য কোন কর্মসূচি দিলে তা প্রতিহত করা হবে। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক আহসানুল হক পিন্টু, শহীদ উদ্দিন বিপু, মুকুল কুণ্ডু, উজ্জ্বল প্রমুখ।

## শিক্ষক ও ছাত্রছাত্রীদের ভোগান্তি

ছাত্রঐক্যের চলমান ধর্মঘটের কারণে গত তিনদিন ধরে বিশ্ববিদ্যালয়ের অগ্রণী ব্যাংক ও পোস্ট অফিস বন্ধ রয়েছে। ফলে ছাত্রছাত্রী ও শিক্ষকরা টাকা তুলতে পারছেন না। ইতিমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রছাত্রী হলে ফিরেছে।